

বণিক বার্তা

রেজি. নং : ডিএ ৬১০৮ ■ বর্ষ ০১, সংখ্যা ৩০৬

www.bonikbarta.com | সমৃদ্ধির সহযাত্রী

বণিক বার্তা, ২০১৮-০১-০৫, পৃঃ ১২



বসন্তকালীন সেমিনারের নবীন শিক্ষার্থীদের স্বাগত জানাল ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয়

নানা আয়োজনের মধ্য দিয়ে বসন্তকালীন সেমিনারে ভর্তি হওয়া নবীন শিক্ষার্থীদের বরণ করল ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয়। গতকাল রাজধানীর আফতাবনগরের নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ১৪টি বিভাগের শিক্ষার্থীদের জন্য পৃথক নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসব অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান, উপ-উপাচার্য অধ্যাপক ড. ফকরুল আলম, কোষাধ্যক্ষ এজেডএম শফিকুল আলমসহ বিভিন্ন অনুষদের ডিনরা উপস্থিত ছিলেন।